

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্সঃ ০২-৮৮৭৯১৯৯ ফোনঃ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ১ প্রস্মা: ৩৪/২০০৫ (সেমা খস) - ১৩৩২ (২০০৫) তারিখঃ ২২/১০/১৫
অফিস আদেশ

অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন, সার্বক্ষণিকভাবে কার্যালয়ে (Office) ও কর্মস্থলে (Duty Station) উপস্থিত থাকা ও কর্মস্থল থেকে প্রস্থান করার বিষয়ে বিভিন্ন সময় অফিস আদেশের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়েছিল। এতদসত্ত্বেও দেখা যাচ্ছে যে, তেজগাঁওস্থ সড়ক ভবন প্রধান কার্যালয় ও ঢাকাস্থ বিভিন্ন উইং/জোন এবং প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ কার্যালয়ে (Office) ও কর্মস্থলে (Duty Station) যথাসময়ে আগমন করেন না, সার্বক্ষণিকভাবে কর্মস্থলে উপস্থিত থাকেন না ও নির্ধারিত সময়ের পূর্বেই কর্মস্থল থেকে প্রস্থান করেন। এ ধরনের অনিয়মিত অফিসে আগমন এবং অফিস থেকে প্রস্থান শৃংখলা পরিপন্থী, অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য এবং সরকারী কর্মচারী (আচরণ) বিধি-১৯৭৯ ও গণকর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ এর পরিপন্থী।

এমতাবস্থায়, তেজগাঁওস্থ সড়ক ভবন প্রধান কার্যালয় এবং ঢাকাস্থ বিভিন্ন উইং/জোন ও প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আগমন এবং অফিস থেকে প্রস্থান করার বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- (ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে অফিসে আগমন, অবস্থান ও নির্ধারিত সময় পর্যন্ত কর্মস্থলে (Duty Station) উপস্থিত থাকতে হবে।
(খ) যথাসময়ে অফিস থেকে প্রস্থান করার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং
(গ) বিশেষ প্রয়োজনে উপর্যুক্ত কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি নিয়ে কর্মস্থল (Duty Station) ত্যাগ করতে হবে।

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা বিষয়টি তেজগাঁওস্থ সড়ক ভবন প্রধান কার্যালয় ও ঢাকাস্থ বিভিন্ন উইং/জোন প্রধানগণ এবং প্রকল্প প্রধানগণ তদারকি করবেন। বর্ণিত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থতায় দায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে চাকুরী বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

হাফিজ
ইবনে আলম হাসান
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

হাফিজ
মোঃ মনিরুজ্জামান
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণ (তাঁর আওতাধীন সকল ছেডের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ) :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পারিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাঁকে তেজগাঁওস্থ সড়ক ভবন প্রধান কার্যালয়ে কর্মরত কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও অফিস থেকে প্রস্থানের জন্য ব্যবহৃত স্টাফ বাসগুলো প্রতিদিন যথাসময়ে অফিসে আগমন ও অফিস হতে প্রস্থান করে কিনা বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রকল্প পরিচালক (অঃপ্রঃ), সওজ, ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এনিসিসট্যাস ফর ডিটেইলড স্ট্যাডি এন্ড ডিজাইন অব ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এনিসিসট্যাস ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ,
- ৫। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ), সওজ, ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, মিরপুর, ঢাকা।
- ৬। পরিচালক (তঃপ্রঃ), সওজ, সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
- ৭। পরিচালক, সওজ, নিরীক্ষা ও হিসাব, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৮। উর্ধ্বতন অর্থনীতিবিদ, সওজ, অর্থনীতি সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৯। প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (আদেশটি দ্রুত সময়ের মধ্যে সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হলো)।
- ১১। নির্বাহী প্রকৌশলী/প্রকল্প ব্যবস্থাপক/উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী বৃক্ষপালনবিদ, সওজ,
- ১২। নির্বাহী আইন কর্মকর্তা/আইন কর্মকর্তা, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১৩। এক্সট্র এন্ড ল' অফিসার, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ১৪। কম্পিউটার সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১৫। উপ-পরিচালক, সওজ, নিরাপত্তা দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১৬। অফিস কপি।

হাফিজ
মোঃ মনিরুজ্জামান
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা